গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গংগাচড়া, রংপুর।
www.gangachara.rangpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৮৫২৭.০০০.০৫.০০৬.২৬- ৯৮০ তারিখঃ ২১/০৭/২০২৬ খ্রি.

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন স্বেচ্ছাসেবী তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগষ্ট ২০২৬ - ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে গংগাচড়া উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলার দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই ( Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলার দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, গংগাচড়া, রংপুর ও উপজেলা সমাজসেবা কার্যালয়, গংগাচড়া, রংপুর এর ওয়েবসাইটে পাওয়া যাবে। লিংক **https://dss.gangachara.rangpur.gov.bd**

**আবেদন ফরম দাখিলের স্থান:** উপজেলা সমাজসেবা কার্যালয়, গংগাচড়া, রংপুর।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ**

| ক্র. নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬ খ্রি. সকাল ০৯:০০ ঘটিকা থেকে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬ খ্রি. সকাল ০৯:০০ ঘটিকা থেকে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত এবং ২৪/০৭/২০২৬ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা থেকে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা |

## শর্তাবলীঃ

১। তথ্যসংগ্রহকারীগণকে শুমারি চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।

২। ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।

৩। তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।

৪। তথ্য সংগ্রহের কাজে কোন গাফলতি করা যাবেনা।

৫। কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।

৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরুপে রক্ষা বাধ্যতামূলক।

৭। ট্যাবলেট সযত্নে সংরক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।

৮। কোন পারিবারিক ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো নিষিদ্ধ।

৯। ইচ্ছাকৃত জালিয়াতি ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

21/07/2026

(মোছাঃ জেসমিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
গংগাচড়া, রংপুর।
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
গংগাচড়া, রংপুর।

স্মারক নং ঃ ৪১.০১.৮৫২৭.০০০.১৯.০০১.২৬- ১১৫ | তারিখঃ ২১/০৭/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-০১, রংপুর-১৯।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, গংগাচড়া, রংপুর।
৫। সহকারী কমিশনার (ভূমি), গংগাচড়া, রংপুর।
৬। অফিসার ইনচার্জ, গংগাচড়া মডেল থানা, গংগাচড়া, রংপুর।
৭। সদস্য .......................... ফ্যামিলি কার্ড শুমারীর বাস্তবায়ন সংক্রান্ত ইপজেলা কমিটি, গংগাচড়া, রংপুর।
৮। উপজেলা........................ কর্মকর্তা, গংগাচড়া, রংপুর।
৯। চেয়ারম্যান/প্রশাসক........................ গংগাচড়া, রংপুর।
১০। অফিস কপি।

21/07/2026 খ্রি.

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপজেলা সমাজসেবা অফিসার
গংগাচড়া, রংপুর।
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
গংগাচড়া, রংপুর।